

**আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানী লিঃ এর আরও একটি নতুন ইউনিট চালু, জাতীয় গ্রিডে অতিরিক্ত ২৪৪ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ।**

গত ১৪ ফেব্রুয়ারী ২০১৭ তারিখে আশুগঞ্জ ৪৫০মেঃওঃ সিসিপিপি (নর্থ) প্রকল্পের জিটি ইউনিট (সিম্পল সাইকেল) থেকে বাণিজ্যিকভাবে বিদ্যুৎ উৎপাদন শুরু হয়েছে। এর ফলে গ্যাসভিত্তিক এই ইউনিট টি থেকে জাতীয় গ্রিডে অতিরিক্ত আরও ২৪৪ মেগাওয়াট বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হচ্ছে। বর্তমানে আশুগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের ১১টি ইউনিট থেকে এক হাজার ছয়শত বাহাদুর মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন সম্ভব হচ্ছে। বিদ্যুৎ কেন্দ্রের এই ইউনিটটি উৎপাদনে আসায় দেশের বিদ্যুৎ ঘাটতি কমিয়ে আনার পাশাপাশি জাতীয় অর্থনীতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে বলে আশা করছেন বিদ্যুৎ কেন্দ্র কর্তৃপক্ষ।